

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ


(EIN-107253)

বেগমগঞ্জ, নোয়াখালী।

তারিখ : ০৮/১২/২০২২

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনে ভর্তির আবেদনের বিজ্ঞপ্তি :


- ১। আবেদনের যোগ্যতা : ২০২০, ২০২১, ২০২২ সালে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী যাদের ন্যূনতম জিপিএ বিজ্ঞান-৪.০০, ব্যবসায় শিক্ষা-৩.০০ এবং মানবিক-২.৫০
- ২। শাখা নির্বাচন: (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।
(খ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।
(গ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।
- ৩। অন-লাইনে ভর্তি আবেদন করার পদ্ধতি :
অন-লাইনে ভর্তির জন্য আবেদনের ঠিকানা : www.xiclassadmission.gov.bd
অন-লাইনে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি প্রদান করে সর্বমিল ০৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে।
- ৪। অন-লাইনে আবেদনের তারিখ : ০৮/১২/২০২২ হতে ১৫/১২/২০২২ তারিখ পর্যন্ত।
- ৫। কোটার ক্ষেত্রে : অন-লাইনে মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য প্রযোজ্য হবে। কোনক্রমেই অন্য সম্পর্কের আত্মীয়স্বজনদের জন্য মুক্তিযোদ্ধা কোটা গ্রহণযোগ্য হবে না। উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কোটায় আবেদন করার কোন সুযোগ নেই।
উল্লেখ্য যে, কোটা নির্বাচনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র ও প্রত্যয়নপত্র দাখিল করতে না পারলে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ : ৩১/১২/২০২২ (শনিবার রাত ৮.০০ টায়)
- ৭। শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন : ০১/০১/২০২৩ (রবিবার) থেকে ০৮/০১/২০২৩ (রবিবার) পর্যন্ত।
নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে। নিশ্চায়নের সময় শিক্ষার্থীকে ৩২৮/- টাকা অন-লাইনে জমা দিতে হবে।
- ৮। ২য় ও ৩য় পর্যায়ের আবেদন ও নির্বাচন নিশ্চায়ন বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি সংক্রান্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।
- ৯। নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
- ১০। বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান গ্রুপে ফিরে আসার কোন সুযোগ নেই।


অধ্যক্ষ

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ

বেগমগঞ্জ, নোয়াখালী।

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।


০৮/১২/২০২২
আহবায়ক

একাদশ (২০২২-২০২৩) শ্রেণির ভর্তি কমিটি-২০২২

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ

বেগমগঞ্জ, নোয়াখালী।